

অনশনে থাকা ইবির দুই ছাত্রী হাসপাতালে

ইবি সংবাদদাতা

প্রকাশিত: ২২:০৭, ৪ নভেম্বর ২০২৪



ইবির দুই ছাত্রী।

বরাদ্দকৃত শ্রেণীকক্ষ বুঝে পাওয়ার দাবিতে আমরণ অনশনে থাকা ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) চারুকলা বিভাগের দুই ছাত্রী অসুস্থ হয়ে পড়েছেন। সোমবার (৪ নভেম্বর) রাত ৯ টা দিকে তারা অসুস্থ হয়। পরে তাদের বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা কেন্দ্রে নিয়ে যাওয়া হয়।

এদিকে ফোন কলে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নকীব মোহাম্মদ নসরুল্লা আগামীকাল আলোচনার মাধ্যমে সমাধানের আশ্বাস দিলেও শিক্ষার্থীরা তাতে রাজি হননি উপাচার্যের এ আশ্বাসকে অযৌক্তিক আখ্যা দিয়ে নির্দিষ্ট সমাধান না দেওয়া পর্যন্ত তারা অনশ

চালিয়ে যাওয়ার ঘোষণা দেন। এর আগে সন্ধ্যায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কয়েকজনে সহ-সমন্বয়ক আলোচনার মাধ্যমে সমাধানের আশ্বাস দিলেও শিক্ষার্থীরা নাকচ করেন।

শিক্ষার্থীরা বলেন, এর আগেও অনেক আলোচনা হয়েছে। আমরা আলোচনা-আলোচনা খেতে চাই না। পূর্ণাঙ্গ বাস্তবায়ন না হলে আমরা এখান থেকে উঠবো না। আমাদের রুম আমাদেরকে বুঝিয়ে দিতে হবে। অবৈধ দখলকারীদের সেখান থেকে উচ্ছেদ করতে হবে। নতুবা আমাদের অনশন চলমান থাকবে।

এর আগে শিক্ষার্থীরা বেলা ১১ টা থেকে প্রশাসন ভবনের সামনে অবস্থান নেয়। পরে দাবি পূরণ না হওয়ায় বিকাল ৩ টা থেকে আমরণ অনশনের ঘোষণা দেন তারা। পরে বিশ্ববিদ্যালয়ের ছাত্র উপদেষ্টা, প্রক্টর ও বিভাগের শিক্ষকরা তাদের দাবির বিষয়ে সমাধানের আশ্বাসে অনশন ভাঙা অনুরোধ জানালেও তারা অনশন চালিয়ে যায়। প্রতিবেদন লেখা পর্যন্ত রাত পৌনে ১০ টায় তারা অনশনে রয়েছেন।

রিয়াদ